

ঢাকা : বৃহস্পতিবার

২৭ আষাঢ় ১৪২৬

৭ জিলকদ ১৪৪০

11 July 2019


সংবাদ

গোপালগঞ্জ কৃষি জনপ্রিয় করণে কৃষক সমাবেশ

প্রতিনিধি, গোপালগঞ্জ

গোপালগঞ্জের ৫ উপজেলায় ভাসমান বেডে সবজি ও মসলা চাষের আধুনিক প্রযুক্তি সম্প্রসারণে কৃষক সমাবেশ ও মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) ভাসমান বেডে সবজি ও মসলা চাষ সম্প্রসারণ এবং জনপ্রিয় করণ প্রকল্পের আওতায় গত বুধবার টুঙ্গিপাড়া উপজেলার মিএডাঙ্গা গ্রামে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ।

প্রকল্প পরিচালক ড. মো. মোস্তাফিজুর রহমান তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত কৃষক সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য দেন বারির পরিচালক ড. বাবু লাল নাগ, বারির গোপালগঞ্জ



গোপালগঞ্জ : মাঠ দিবসের আলোচনাসভায় অতিথিরা

-সংবাদ

প্রকল্পের প্রকল্প পরিচালক ড. এমএম কামরুজ্জামান ও গোপালগঞ্জ কৃষি সম্প্রসারণের ডিডি রমেশ চন্দ্র ব্রহ্ম। এ সমাবেশে টুঙ্গিপাড়া উপজেলার ৫ শতাধিক কৃষক ও কৃষাণি অংশগ্রহণ করেন। এরপর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। পরে তিনি বঙ্গবন্ধু ও তার পরিবারের শহিদ সদস্যদের রুহের মাগফিরাত কামনায় দেয়া মোনাজাত করেন। এ সময় বারির পদস্থ কর্মকর্তরা উপস্থিত ছিলেন।

